

কালের কণ্ঠ

৮ ডিসেম্বর, ২০১৮ ১৭:২১

নজরুল বিশ্ববিদ্যালয় নারী শিক্ষার্থীদের উদ্যোক্তা প্রশিক্ষণ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (জাককানইবি) এর বিভিন্ন বিভাগের ১৫০ জন নারী শিক্ষার্থীদের নিয়ে মাসব্যাপী নারী উদ্যোক্তা প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। ইউএন উইমেন এর অর্থায়নে এমপাওয়ারড উইমেন ও পিসফুল কমিউনিটিস প্রকল্পের আওতায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস (সিপিজে) এর উদ্যোগে প্রশিক্ষণটি ময়মনসিংহ ব্র্যাক লার্নিং সেন্টারে অনুষ্ঠিত হচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের ১৫০ জন নারী শিক্ষার্থীদের ৫টি গ্রুপে ভাগ করে ৩ দিন করে এ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ইতোমধ্যে ২টি গ্রুপের প্রশিক্ষণ শেষ হয়েছে, বাকী ৩টি গ্রুপের প্রশিক্ষণ এই মাসেই শেষ হবে। এই প্রশিক্ষণের উদ্দেশ্য হল নারী শিক্ষার্থীদের উদ্যোক্তা বিষয়ে ধারণা, উৎসাহ ও দিকনির্দেশনা দেওয়া। নারী শিক্ষার্থীরা তাদের নিজেদের অভিজ্ঞতা অর্জন ও ব্যর্থতাগুলোর পর্যালোচনাসহ কিভাবে একজন সামাজিক উদ্যোক্তা সকলের অংশগ্রহণ নিশ্চিত করে সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠা করতে পারে তা জানতে পারবে। এই প্রশিক্ষণের মাধ্যমে নারী শিক্ষার্থীরা সমাজের বিভিন্ন সমস্যা চিহ্নিত করবে এবং সমাধানের জন্য সৃষ্টিশীল ও বাস্তবসম্মত প্রকল্প প্রস্তাবনা তৈরি করবে।

প্রশিক্ষণ শেষে প্রাপ্ত বিভিন্ন সামাজিক ব্যবসা প্রকল্পসমূহ পর্যালোচনার পর সবচেয়ে বেশী সৃষ্টিশীল ও কার্যকর ২টি প্রকল্পকে কারিগরি সহায়তা ও প্রাথমিক পুঁজি দেওয়া হবে।

এমপাওয়ারড উইমেন ও পিসফুল কমিউনিটিস প্রকল্পের লোকাল ফ্যাসিলিটর জাককানইবি'র লোকপ্রশাসন ও সরকার পরিচালনা বিদ্যা বিভাগের প্রভাষক অলি উল্লাহ জানান, এই প্রকল্পের আওতায় নারী শিক্ষার্থীরা সামাজিক উদ্যোক্তা প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে একটি অংশগ্রহণমূলক ও শান্তিপূর্ণ সমাজ গঠন প্রতিষ্ঠায় ব্রতী হবে।

উল্লেখ্য, গত ১২ আগস্ট ২০১৮ ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মধ্যে এই প্রকল্প বাস্তবায়নের জন্য সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়।